

# যশোর পৌরসভা কার্যালয়।

মুন্সী মেহেরুল্লাহ সড়ক, যশোর।

স্থাপিতঃ ১৮৬৪ খ্রিঃ।

## একটি জরুরী পৌর বিজ্ঞপ্তি

এতদ্বারা যশোর পৌর এলাকার সর্বসাধারণকে অবগত করানো যাচ্ছে যে, যে সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান রাস্তার পাশে ফুটপাথের উপর অবৈধভাবে দোকান ঘর স্থাপন, দোকানের সামনের মালামাল এবং বাড়ীঘরের নির্মাণ সামগ্রী রেখেছেন তাদেরকে ঐ সমস্ত দোকান ঘর এবং নির্মাণ সামগ্রী দ্রুত সরিয়ে নিতে নির্দেশ দেয়া হলো। এছাড়া বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কের পাশে ও মার্কেটের সামনে যত্রতত্র গাড়ী পার্কিং করা থেকে বিরত থাকার জন্য বলা হলো।

এ সকল আইন ভঙ্গকারীদের বিরুদ্ধে চলতি সপ্তাহ হতে ভ্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

নির্দেশক্রমে, মেয়র, যশোর পৌরসভা।